

## 💵 হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ মারফু' ও মাকতু হাদিস রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মারফু' ও মাকতু হাদিস

## وَما لِتابِعٍ هُوَ الْمَقْطُوعُ اوَما أُضِيفَ لِلنَّبِيِّ الْمَرْفُوعُ

"আর যে হাদিস নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের সাথে সম্পৃক্ত করা হয়েছে তা-ই মারফূ'। আর যা তাবে'ঈর সাথে সম্পৃক্ত করা হয় তাই মাকতু'"। অত্র কবিতায় বর্ণিত ক্রমানুসারে হাদিসের চতুর্থ ও পঞ্চম প্রকার মারফু' ও মাকতু'। হাদিসের এ দু'প্রকারের সম্পর্ক মতনের সাথে।

এখান থেকে লেখক রাহিমাহুল্লাহ্ বক্তার বিবেচনায় হাদিসের প্রকারসমূহ উল্লেখ করেছেন। বক্তার বিবেচনায় হাদিস চার প্রকার: ১. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের কথা, কর্ম, সমর্থন ও শারীরিক গুণগান। ২. সাহাবিদের কথা ও কর্ম। ৩. তারে 'ঈদের কথা। ৪. আল্লাহ তা 'আলার বাণী।

লেখক চতুর্থ প্রকার উল্লেখ করেননি, আমরা সম্পূরক হিসেবে তার আলোচনা করব। মওকুফ বর্ণনার ক্ষেত্রে তিনি ধারাবাহিকতা রক্ষা করেননি। তাই অনেকে তার সমালোচনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8409

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন